

১৫০ নং তাল-একতালা

মনা ভাই আয় না রে যাই তীর্থ ভ্রমণে।

- করব মনের মত তীর্থ ভ্রমণ, তীর্থরাজ আছে গুরুর চরণে ॥
- ১। তুমি আমি মিলিয়া দুজন, গয়া গঙ্গা তীর্থ কাশী করিব ভ্রমণ,
আছে গুরুর পদে শ্রীকৃন্দাবন, সব তীর্থ বিরাজ করে সেখানে ॥
 - ২। শুনেছি শ্রীগুরুর মুখে, ওরে সাধু সঙ্গ মহাতীর্থ চল পুলকে।
তথায় তীর্থ আছে লাখে লাখে, প্রেমগঙ্গা ঢেউ খেলে রাত্রদিনে ॥
 - ৩। দ্রবময়ী গঙ্গা যাহার নাম, যেতে সাধুসঙ্গ মহাতীর্থ বাধন অবিরাম।
গেলে ভব ব্যাধি হবে আরাম, রুচি হবে হরির নাম সুধাপানে ॥
 - ৪। গুরুরূপে আছে প্রেমতীর্থ, যাওয়া মাত্র এদেহ তোর হবে পবিত্র।
শেষে পান করিবি প্রেমামৃত, হরিচাঁদ দুলবে হৃদয় আঙ্গিনে ॥
 - ৫। ত্রিজগৎ করতে পবিত্র, আমার হরিচন্দ্র অবতীর্ণ লয়ে প্রেমতীর্থ।
বলে মহানন্দ জেনে তত্ত্ব, অশ্বিনী ঝাঁপ দে প্রেম গঙ্গাস্নানে ॥

১৫১ নং তাল-একতালা

প্রেম শূন্য জীর্ণ দেহে কিবা প্রয়োজন।

যার নাই ভক্তি রতন প্রেমাঙ্গাদন

অকালে কালের মুখে হয় পতন ॥

- ১। প্রেম ভক্তি শক্তি যার আছে,
ও সে সাধনের ধন মদন মোহন বন্দী তার কাছে।
যেমন ছায়া ফেরে কায়ার পিছে, সেই মত অনুগত হরিধন ॥
- ২। সাক্ষী তার ব্রজ রাখালগণ,
যাদের ভক্তি গুণে উচ্ছিষ্ট ফল খেলেন কৃষ্ণধন।
বাল্যখেলার ছলে সব রাখালে, শ্রীকৃষ্ণের সঙ্কে করলেন আবেহন ॥
- ৩। প্রেম ভক্তি এমনি বলবান,
তুচ্ছ রজ্জু আনি নন্দরাণী বাঁধলেন ভগবান।
আছে নন্দ রাজা আর একপ্রমাণ, যার বাঁধা মস্তকে বয় নীলরতন ॥